



প্রেস বিজ্ঞপ্তি

সরকারী কর্ম কমিশনকে আদিবাসীদের কোটা বাস্তবায়ন বিষয়ক তথ্য প্রদানের আদেশ প্রদান করল
তথ্য কমিশন

ডিসেম্বর ৬, ২০১৭ ইং তারিখ, বুধবারঃ বাংলাদেশ তথ্য কমিশন আগামী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে আদিবাসীদের জন্য সরকারী কর্মে সংরক্ষিত কোটা বাস্তবায়ন বিষয়ক বিভিন্ন তথ্য প্রদানের জন্য বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের প্রধান মনোবিজ্ঞানী ও পরিচালক (নন-ক্যাডার) এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব রওশন আরা জামান কে নির্দেশ দিয়েছেন। তথ্য কমিশনে দায়েরকৃত অভিযোগ নং ১৯৪/১৭ ও ২১৩/১৭ এর এর প্রেক্ষিতে এ আদেশ প্রদান করা হয়। নির্ধারিত প্রক্রিয়ায় তথ্য না পেয়ে রাঙ্গামাটি পার্বত্য জেলার বাসিন্দা রিপন দত্ত চাকমা এবং জয়তী চাকমা অভিযোগ দু'টো দায়ের করেন।

উল্লেখ্য যে, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর বিগত ২৬ ফেব্রুয়ারি, ২০১৫ তারিখ শুধুমাত্র মুক্তিযোদ্ধা ও আদিবাসী কোটায় ১৫৯ জন সহকারী উপজেলা শিক্ষা অফিসার নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করে। স্থানীয় প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হিসেবে কর্মরত রিপন দত্ত চাকমা ও জয়তী চাকমা বিভাগীয় প্রার্থী হিসেবে প্রিলিমিনারি ও লিখিত পরীক্ষায় কৃতকার্য হয়ে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করেন। ২৯ মার্চ ২০১৭ ইং তারিখে প্রকাশিত চূড়ান্ত ফলাফলে দেখা যায় প্রার্থীদ্বয় নিয়োগের জন্য মনোনীত হননি। ফলে তারা সংক্ষুব্ধ হয়ে নিয়োগ প্রক্রিয়ায় আদিবাসী কোটা সঠিকভাবে প্রতিপালিত হয়েছে কি-না তা নিশ্চিত হতে তারা উক্ত নিয়োগে পিএসসি কর্তৃক অনুসৃত কোটা হিসেব করার প্রক্রিয়া, সংশ্লিষ্ট প্রজ্ঞাপন/ বিধি/ আইন, ক্ষুদ্রনৃগোষ্ঠী সহ অন্যান্য কোটায় সুপারিশকৃত প্রার্থীদের তালিকা, রাঙ্গামাটি সহ তিন পার্বত্য জেলায় বিভিন্ন কোটায় সুপারিশপ্রাপ্তদের তালিকা; সুপারিশকৃত বহির্বিভাগীয়দের তালিকা; এবং প্রিলিমিনারি, লিখিত ও মৌখিক পরীক্ষায় নিজ নিজ অর্জিত নম্বর জানতে চেয়ে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ভিত্তিতে ২৩ এপ্রিল ২০১৭ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় বরাবর আবেদন করেন।

উচ্চ আদালতে পিএসসি কর্তৃক দায়েরকৃত রিট মামলা (রিট নং ৯৩৮০/২০১৪) এর অজুহাতে সংশ্লিষ্ট আরটিআই কর্মকর্তা তথ্য প্রদানে লিখিতভাবে অপারগতা প্রকাশ করে। ২৯ মে ২০১৭ ইং তারিখে কর্ম কমিশনে আপীল করা হলে, একই কারণ দেখিয়ে ১৮ জুন ২০১৭ ইং তারিখে আপীল খারিজ করে দেয়া হয়। পরবর্তীতে বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড ট্রাস্ট (ব্লাস্ট) এর সহযোগীতায় ২২ জুন ২০১৭ ইং তারিখে পিএসসির সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগকারীগণ তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন। এর প্রেক্ষিতে গত ২৬/০৯/২০১৭, ১৫/১০/১৭ এবং ১২/১১/১৭ ইং তারিখে উভয়পক্ষের শুনানী গ্রহণ করে বিজ্ঞ তথ্য কমিশন ৬/১২/১৭ ইং তারিখ তথ্য প্রদানের আদেশ প্রদান করলেন। আদেশ প্রদানের সময় বিজ্ঞ তথ্য কমিশন বলেন যেহেতু ৯৩৮০/২০১৪ নং রিট মামলায় মহামান্য হাইকোর্ট পিএসসি'র নিকট চাহিত সকল তথ্যের বিষয়ে স্থগীতাদেশ প্রদান করেননি এবং যেহেতু আবেদনকারীদের চাহিত তথ্যের বিষয়বস্তু ও রিটের বিষয়বস্তু সম্পূর্ণ পৃথক ধরণের সেহেতু উক্ত মামলার অজুহাতে ঢালাওভাবে তথ্য প্রদানের অপারগতা প্রকাশের সুযোগ নেই। আবেদনকারীদের চাহিত তথ্য প্রদানে কোনো ধরণের আইনী নিষেধাজ্ঞা নেই বিধায় ১৫ কার্যদিবসের মধ্যে আবেদনকারীদের চাহিত তথ্য প্রদানে সরকারী কর্ম কমিশনের সংশ্লিষ্ট কর্মকর্তাকে নির্দেশ প্রদান করা হয়।

আবেদনকারী রিপন দত্ত চাকমা জানান যে, প্রাপ্ত তথ্য থেকে যদি কোনরূপ বৈষম্যের শিকার হয়েছেন এমনটা প্রতীয়মান হয়, তাহলে তারা ন্যায়বিচারের জন্য উচ্চ আদালতে রিট মামলা দায়ের করবেন।

অভিযোগকারীদের পক্ষে আইনী সহযোগিতা প্রদান করেন মোঃ রেজাউল করিম সিদ্দিকী, আইনজীবী, সুপ্রিমকোর্ট এবং রিসার্চ স্পেশালিষ্ট, ব্লাস্ট। তাঁকে সহায়তা প্রদান করেন আয়েশা আকতার, আইনজীবী, সুপ্রিমকোর্ট ও স্টাফ ল'ইয়ার, ব্লাস্ট।